

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১১০.০০.০১৭.১৫-১৬০৭

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খৃষ্টাব্দ

পরিপত্র

বিষয়: মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, সরকারের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব এবং পিআরএলভোগরত/ওএসডি/চুক্তিভিত্তিক নিয়োজিত সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিবগণকে তাঁদের বাসভবনের জন্য ০১(এক)টি করে বাবুর্চি ও ০১(এক)টি করে নিরাপত্তা প্রহরীসহ ০২(দুই)টি সহায়ক জনবলের সুবিধাদির পরিবর্তে কুক এন্ড সিকিউরিটি এলাউন্স প্রদান।

নিম্নবর্ণিত শর্তে মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, সরকারের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব এবং পিআরএলভোগরত/ওএসডি/চুক্তিভিত্তিক নিয়োজিত সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিবগণকে তাঁদের বাসভবনের জন্য একটি করে বাবুর্চি পদের সুবিধা প্রদানের পরিবর্তে মাসিক ১৬,০০০/- (ষোল হাজার) টাকা করে 'কুক এলাউন্স' হিসেবে এবং ইয়ারমার্কড/স্বতন্ত্র/একক বাসা বা বাড়ীর ক্ষেত্রে একটি করে নিরাপত্তা প্রহরী পদের সুবিধার পরিবর্তে মাসিক ১৬,০০০/- (ষোল হাজার) টাকা করে 'সিকিউরিটি এলাউন্স' হিসেবে প্রদান করা হলো:

- (ক) কুক ও সিকিউরিটি এলাউন্স প্রদানের ক্ষেত্রে ডোমেস্টিক এইড এলাউন্স প্রাপ্য হবে না;
- (খ) কুক ও সিকিউরিটি এলাউন্স প্রদানের তারিখ হতে সরকারের সচিবগণের বাসভবনের জন্য সৃজিত ৭৩টি বাবুর্চি ও ৭৩টি নিরাপত্তা প্রহরী এর পদ বিলুপ্ত হবে;
- (গ) সরকারের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিবগণ যে দপ্তরেই কর্মরত থাকুন, তাঁরা এ সুবিধা প্রাপ্য হবেন।

০২। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ-৩ অধিশাখার ২৭.০৯.২০১৭ তারিখের ০৭.১৫৩.০১৫.০৪.০০.০২.২০১০-৩৮৯ সংখ্যক পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে এ পরিপত্র জারি করা হলো।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১ অক্টোবর ২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

৮.১০.১৭

(ড. মো: মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়


নং-০৫.০০.০০০০.১১০.০০.০১৭.১৫-১৬০৭(১০০)

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খৃষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মুখ্য সমন্বয়ক, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সিনিয়র সচিব,.....
৪. রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব,

৬. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড।
৭. মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত্র, ঢাকা।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (পরিপত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানাপটন, ঢাকা।


(মো: মশিউর রহমান)
উপসচিব (প্রশাসন-১)